দৈনিক
জনকণ্ঠ

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# নানা কর্মসূচীতে পালিত হলো ঢাবি শোক দিবস

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ একত্রিশ বছর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জগন্নাথ হলের ছাদ ধসে নিহতদের স্মরণে পালিত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস। শনিবার দিনব্যাপী নানা কর্মসূচীর মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়। এ উপলক্ষে ঢাবির সকল হল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ করা হয়। সকাল সাতটায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে শোক শোভাযাত্রা বের করেন ছাত্র-শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীরা। শোভাযাত্রা শেষে জগন্নাথ হলের 'অক্টোবর স্মৃতিস্তম্ভে' পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে অক্টোবর স্মৃতি ভবনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, সংসদ সদস্য পঙ্কজ নাথ, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, ওই দুর্ঘটনায় আহত ছাত্র ও বর্তমান উপ-রেজিস্ট্রার বিপুল কুমার সাহা। সভায় ধন্যবাদ জ্ঞাপন করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার এবং সভা সঞ্চালন করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামান। আলোচনায় উপাচার্য আরেফিন সিদ্দিক বলেন, ঢাবির শোক দিবস আমাদের দায়িত্বশীলতা, কর্তব্যপরায়ণতা, উদারতা এবং মানবিকতার তাগিদ দেয়।